



Cosmo School

রাজিয়া সুলতানা

শ্রেণি : তৃতীয়, বিষয় : বাংলা

অধ্যায় : একজন পটুয়ার কথা


লেখকচার শীট -২

তারিখ : ২১.০৯.২০২০

❖ গল্পের ২য় অংশ (তাঁর জন্ম ----- পটুয়া বলা হয়) পর্যন্ত রিডিং পড়বে।

❖ মূলশব্দঃ


জন্মস্থান



কামরুল হাসান কলকাতায় জন্মগ্রহণ করেন। বাড়ি বর্ধমান জেলার নারেন্দ্রা গ্রামে। বাবার নাম মোহাম্মদ হাশিম এবং মায়ের নাম আলিয়া খাতুন।




স্কুল জীবন



ছোটবেলায় যে স্কুলে তিনি পড়তেন সেখানে আঁকা শেখানো হতো। আঁকার প্রতি তাঁর ঝোঁক ছিল কিন্তু বাবা তাকে ভর্তি করালেন কলকাতা মাদ্রাসায়।




পুতুলের কারখানা



আঁকার প্রতি ঝোঁক থাকায় তাকে বাধ্য হয়ে আঁকার স্কুলে ভর্তি করালেন। কিন্তু বাবা তাকে পড়ার খরচ দিলেন। তাই তিনি কাধ্য হয়ে খরচ যোগাতে পুতুলের কারখানায় কাজ করেছেন।



সংগঠন



ছবি আঁকার পাশাপাশি তিনি শরীরচর্চা করতেন। এছাড়া দেশসেবক তরুণদের সংগঠন ব্রতচারীদের দলে যোগদান করেন। খাঁটি বাঙালি হিসেবে শ্রদ্ধা করতেন গ্রামের ছবি আঁকিয়েদের। এদের বলা হয় 'পটুয়া'।

❖ নতুন শব্দের অর্থ পড়বে ও বাক্য গঠন করবেঃ

১. মাদরাসা – ইসলামি শিক্ষা কেন্দ্র।
২. কারখানা – যে স্থানে দ্রব্য সামগ্রী তৈরি হয়।
৩. ব্রতচারী – দেশ সেবায় যারা ব্রত পালন করে।
৪. পটুয়া – চিত্রকর।
৫. সংগঠন – কিছু লোক মিলে গড়ে তোলা দল।